# মেহেরপুর সদর উপজেলা পরিষদের এপ্রিল ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইয়ারুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর |
| সভার তারিখ ও সময় | : ২৯/০৪/২০২১ খ্রি., বেলা- ১২.০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যদের নাম | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০০ **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :**

গত ১১/০৩/২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

৩.০০ **স্থায়ী কমিটি সমুহের কার্যবিবরণী পর্যালোচনা :**

সভায় আলোচনার জন্য মার্চ ২০২১ মাসে নিম্নবর্ণিত ০১ টি স্থায়ী কমিটির কার্যবিবরণী পাওয়া গিয়েছে।

| স্থায়ী কমিটির আলোচনা | সুপারিশ / সিদ্ধান্ত |
|---|---|
| ০১। প্রাথমিক ও গণশিক্ষা কমিটি :<br>গত ২৮/০২/২০২১ খ্রি. তারিখে মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার ৫৫ জন প্রতিষ্ঠান প্রধানের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করলে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা মান আরও উন্নত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | চলতি অর্থ বছরে এডিপি'র অর্থায়নে এ উপজেলার ৫৫ জন প্রতিষ্ঠান প্রধানের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রকল্প গ্রহণের জন্য সুপারিশ করা হয়। |

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের স্থায়ী কমিটির নির্ধারিত সভা করে সুনির্দিষ্ট প্রস্তাব পেশসহ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য স্ব স্ব কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

৪.০০ (ক) **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণের জন্য ১,১৫,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। যার প্রাক্কলন তিনি এ সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের প্রস্তাব রাখেন। এছাড়া তিনি জানান যে, গত ১০/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদিত ১,০০,৩৯,৯২২.০০ টাকার ৬১টি প্রকল্পের কাজ ১২টি প্যাকেজে e-GP পদ্ধতি অনুসরণ করে সীমিত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে কাজ চলমান আছে। তিনি আরো জানান যে, এডিপি'র যাবতীয় কার্যক্রম ৩১/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। সে কারণে অনুমোদিত প্রকল্প কমিটি (পিআইসি) দ্রুত চুক্তি সম্পাদন অন্তে প্রকল্পের কাজ শুরু/ সমাপ্ত করে ৩১/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে যাবতীয় বিল উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। একইসাথে নিম্নেবর্ণিত ০১টি প্রকল্পের পাশে উল্লেখকৃত প্রকল্প কমিটি (পিআইসি) অনুমোদনের লক্ষে উপস্থাপন করেন।

| (০১) প্রকল্পের নাম: করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণ | | | |
|---|---|---|---|
| বরাদ্দকৃত টাকার পরিমান: ১,১৫,০০০.০০ | | | ইউনিয়ন: সকল ইউপি |
| ক্র: নং | নাম | পরিচয় | কমিটিতে পদবী |
| ১ | মোঃ মোমিনুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | সভাপতি |
| ২ | নাহিদা ইসলাম | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর | সেক্রেটারী |
| ৩ | মুহাঃ আলমগীর হোসেন | উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ৪ | নাসরিন পারভিন | উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ৫ | মোঃ আপিল উদ্দীন | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ৬ | মোঃ আব্দুল গাফফার | উপ-সহকারী প্রকৌশলী, ডিপিএইচই, মেহেরপুর সদর | সদস্য |
| ৭ | বিপ্লব কুমার কুন্ডু | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মেহেরপুর সদর | সদস্য |

**সিদ্ধান্তঃ** উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কর্তৃক করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণের লক্ষে প্রস্তুতকৃত প্রকল্প ও ১,১৫,০০০.০০ টাকার প্রাক্কলন যথাযথ বিবেচিত হওয়ায় সর্বসম্মিক্রমে অনুমোদিত হলো। একইসাথে উপর্যুক্ত প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প কমিটি (পিআইসি) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

(খ) **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, ১০/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় ২০১৯-২০২০ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নোক্ত ০৩টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এবং উপজেলা প্রকৌশলী মেহেরপুর সদর কর্তৃক প্রস্তুতকৃত ৫৫,৫৩,৩২০.০০ টাকার প্রাক্কলন সমূহ যথাযথ বিবেচিত হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**উপজেলা বাছাই কমিটি কর্তৃক সুপরিশকৃত অবকাঠামো উন্নয়ণ উপ-প্রকল্পের বিবরণী:**

| প্যাকেজ নং | উপ-প্রকল্পের শিরোনাম | প্রস্তাবিত বাজেটে (ভ্যাট ও আয়কর ব্যতিত) (টাকা) | ভ্যাট | আয়কর | প্রস্তাবিত বাজেটে (ভ্যাট ও আয়কর সহ) (টাকা) |
|---|---|---|---|---|---|
| INF-2019-20-405787-01 | উপজেলা পর্যায়ে কোভিড-১৯ মোকাবেলার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ | ১০,৯৪,৪৯২.০০ | ৯০,৭০৪.০০ (৭.৫০%) | ২৪,১৮৭.০০ (২.০০%) | ১২,০৯,৩৮৩.০০ |
| INF-2019-20-405787-02 | মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন গ্রামীণ সড়ক, কবরস্থান ও জানাজার স্থানে সোলার স্ট্রীট লাইট স্থাপন | ২৮,৪০,৯২৭.০০ | ২,৩৮,০৬৬.০০ (৭.৫০%) | ৯৫,২২৭.০০ (৩.০০%) | ৩১,৭৪,২২০.০০ |
| INF-2019-20-405787-03 | পিরোজপুর দাখিল মাদ্রাসার বিদ্যমান ভবনের ছাত্রদের আবাসনের জন্য উর্ধমুখী সম্প্রসারণ | ১০,৫৮,৫৯৪.০০ | ৮৭,৭২৯.০০ (৭.৫০%) | ২৩,৩৯৪.০০ (২.০০%) | ১১,৬৯,৭১৭.০০ |
| | সর্বমোট= | ৪৯,৯৪,০১৩.০০ | ৪,১৬,৪৯৯.০০ | ১,৪২,৮০৮.০০ | ৫৫,৫৩,৩২০.০০ |
| কথায়: পঁঞ্চান্ন লক্ষ তিপান্ন হাজার তিনশত বিশ টাকা । | | | | | |

উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত ০৩টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের প্রাক্কলন ও আনুষঙ্গিক কাগজপত্র প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ণ প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করা হয়। ইতোমধ্যে প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ মহোদয় ২৮/০২/২০২১ খ্রি. তারিখে ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০.২০৫৬ নং স্মারকের মাধ্যমে বর্ণিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে সম্মতি প্রদান করেছেন। INF-2019-20-405787-01 নং প্যাকেজে বর্ণিত উপজেলা পর্যায়ে কোভিড-১৯ মোতাবেলার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদী সরবরাহের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনে উপজেলা স্বাস্থ্য ও পরিববার পরিকল্পণা কর্মকর্তা, মেহেরপুর সদর কর্তৃক সরবরাহকৃত দরের সাথে আয়কর, ভ্যাট ও ঠিকাদার লভ্যাংশ যোগকরে দর দেখানো হয়েছে। বর্তমান বাজার দরের সাথে উক্ত দরের অনেক তারতম্য থাকায় এবং কিছু মেডিকেল সরঞ্জামাদি স্থানীয় বাজারে দুষ্প্রাপ্যতার কারণে প্রাপ্যতার বিষয়টি বিবেচনা করে এবং বর্তমান বাজার দরের সাথে আয়কর, ভ্যাট ও ঠিকাদার লভ্যাংশ যোগ করে দর নির্ধারণ পূর্বক অনুমোদিত টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে পুনরায় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট INF-2019-20-405787-02 ও INF-2019-20-405787-03 নং প্যাকেজের প্রাক্কলন অপরিবর্তিত থাকবে। এমতাবস্থায়, পুনরায় প্রস্তুতকৃত ১০,৯৪,৪৯২.০০ টাকার প্রাক্কলন অনুযায়ী উপজেলা পর্যায়ে কোভিড-১৯ মোকাবেলার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ কাজ বাস্তবায়নের পুনঃ সম্মতি প্রদানের নিমিত্ত প্রাক্কলনটি প্রকল্প পরিচালক অতিরিক্ত সচিব, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। এব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি এ সভায় প্রস্তাব রাখেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কর্তৃক স্থানীয় বাজারে প্রাপ্য মেডিকেল সরঞ্জামাদি ও তার বর্তমান বাজার দর অনুযায়ী প্রস্তুতকৃত উপজেলা পর্যায়ে কোভিড-১৯ মোকাবেলার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ কাজের জন্য প্রস্তুতকৃত ১০,৯৪,৪৯২.০০ টাকার প্রাক্কলন ও দর যথাযথ বিবেচিত হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী উপজেলা পর্যায়ে কোভিড-১৯ মোকাবেলার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ কাজ বাস্তবায়নের পুনঃ সম্মতি প্রদানের নিমিত্ত প্রাক্কলনটি প্রকল্প পরিচালক অতিরিক্ত সচিব, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ মহোদয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়।

৫.০০ **হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যাবলী :**

| বিভাগীয় কার্যক্রম আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ০১। **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় মার্চ- ২০২১ মাসের নিম্নরুপ প্রতিবেদন দাখিল করেন।<br>ক) বর্হিবিভাগের রোগীকে সেবা প্রদান : ৫২৩২ জন<br>খ) কমিউনিটি ক্লিনিকসমূহের সেবা প্রদান : ২১৮৪৯ জন<br>গ) টিকা প্রদান : বিসিজি- ৩৫৪, এম আর ১= ৩৮৩, ২য় এমআর- ৫৫০, জন সহ স্বাস্থ্য শিক্ষা, আর্সেনিকোসিস সেবা, ডায়রিয়া, নিউমোনিয়া, সর্দি-জ্বর, মাতৃ সেবা, যক্ষা রোগীসহ সকল ধরণের সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০২। **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>ক) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিতে (আই,ইউ,ডি ও ইমপ্লান্ট) মোট : ১৪৫৩ জনকে স্থায়ী ও ৬৪৫৮ জনকে অস্থায়ী পদ্ধতি গ্রহণ করানো হয়েছে।<br>খ) গর্ভবতীর যত্ন, নিরাপদ প্রসব, গর্ভোত্তর যত্ন ও শিশু পরিচর্যা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৩। **উপজেলা কৃষি দপ্তর:**<br>উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলায় এ বছর মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক এবং আশানুরুপ ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ উপজেলায় কৃষি প্রণাদনার আওতায় আউশ জাতীয় ফসল আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩৭০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে ধান বীজ ও রাসায়নিক সার প্রদান করা হয়েছে। খরিফ- ১/২০২০-২০২১ মৌসুমে মেহেরপুর সদর উপজেলায় রোপা আউশ ধান ৯৫৮৫ হে: আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আম ১০০০ হে:, লিচু ৩৫০ হে:, কলা ৮০০ হে:, মুখীকচু ১০০০ হে: চাষাবাদ হয়েছে। তাছাড়াও নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শের মাধ্যমে দণ্ডায়মান ফসলে রোগ ও পোকা-মাকড়ের আক্রমণ নিয়ন্ত্রণে রয়েছে। পারিবারিক সবজি ও পুষ্টি বাগানের সবজি উৎপাদন এবং উদ্বুদ্ধকরণের মাধ্যমে সবজি-পুষ্টি বাগান স্থাপন কার্যক্রম চলমান আছে। সেই সাথে ভেজাল সার, বীজ ও বালাইনাশকের মজুদ ও বাজার পরিস্থিতি সন্তোষজনক এবং মনিটরিং অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৪। **উপজেলা মৎস্য দপ্তর :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, পরিবেশবান্ধব লাগসই প্রযুক্তি চাষীদের মাঝে হস্তান্তরের নিমিত্ত নিয়মিত মৎস্যচাষীদের ২৫ টি পুকুর পরিদর্শন ও ১২ জনকে পরামর্শ প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম, ঋণ প্রদানে সহযোগিতা ছাড়াও হাট- বাজার পরিদর্শনসহ মৎস্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। |

| | |
|---|---|
| ০৫। **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, গবাদি পশু ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধের লক্ষ্যে গবাদি পশুর ৭৪২১ টিকা ও হাঁস-মুরগীর ১৫৬৪০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। ২৮৯৪ টি গবাদি পশু ও ৯৮২৫ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত জাতের বকনা /এঁড়ে গরু তৈরী করার লক্ষ্যে ৭৭৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়।এছাড়াও টিকাবীজ ও কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৬০,২১৫/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাছাড়াও ১৫ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৬। **উপজেলা শিক্ষা দপ্তর:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, বাংলাদেশ বেতার, টেলিভিশন, মোবাইল ফোন ও গুগল মিট/ জুম অ্যাপ ব্যবহার করে শিখন শেখানো কার্যক্রমে অংশগ্রহণ সংক্রান্ত জরিপ কাজ শেষের দিকে। যে সকল শিক্ষার্থীদের স্মার্ট মোবাইল ফোন বা ল্যাপটপ আছে সে সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান। ১০৮ টি সরকারি, ১ টি শিশু কল্যাণ ও ১ টি পিটিআই পরীক্ষণ বিদ্যালয়সহ সর্বমোট ১১০ টি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নগদ পোর্টালের মাধ্যমে অভিভাবকদের মোবাইলে ২০২০-২০২১ অর্থ বছরের ১৫ ও ২য় কিস্তির (জুলাই-ডিসেম্বর) উপবৃত্তি প্রদানের জন্য NOC প্রেরণ করা হয়েছে। রমজান মাসের মধ্যেই টাকা প্রদান করা হবে। সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ২০২২ সালের নতুন বই প্রদানের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। সেই সাথে তাদের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। |
| ০৭। **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম বন্ধ আছে। প্রয়োজনে সীমিত আকারে খোলা আছে। (০২) এ্যাসাইনমেন্ট কার্যক্রম বন্ধ আছে। (০৩) সমন্বিত উপবৃত্তির ৬ষ্ঠ, ৯ম ও একাদশ শ্রেণির আবেদনপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। (০৪) COVID- 19 এর কারণে On line পাঠদান কার্যক্রম চালু আছে। (০৫) মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ টি প্রধান শিক্ষকের পদ শুন্য আছে। (০৬) চাহিদাকৃত তথ্যাদি যথারীতি পাঠানো হচ্ছে। (০৭) এ কার্যালয়ের একজন কর্মকর্তা ও ৩য় শ্রেণির ০১ টি পদ খালি আছে। (০৮) শিক্ষক/ কর্মচারীদের নতুন এমপিও উচ্চতর বেতন গ্রেড প্রদানের জন্য স্কুলের ০৬ টি ও মাদরাসার ০৫ টি আবেদনপত্র এ মাসে নিষ্পত্তি করা হয়েছে। (০৯) প্রতিষ্ঠান প্রধানগণের সাথে ০১ টি Zoom Meeting করা হয়েছে। সেই সাথে তাদের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। |
| ০৮। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো টি.আর/ কাবিটা কর্মসূচির ৬৫% চলমান। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৯। **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |

| | |
|---|---|
| ১০। **উপজেলা সমবায় দপ্তর :**<br>উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা- ৯৬ টি, (প্রাথমিক সমিতি ৯৪ টি ও কেন্দ্রিয় সমিতি ২ টি) অডিট কার্যক্রম যথাযথভাবে চলছে। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য আছে। ঋণ আদায় কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম যথারীতি পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায়ের শতকরা হার ৯৭%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১১। **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১২। **উপজেলা সমাজসেবা দপ্তর :**<br>উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১৩। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়। |
| ১৪। **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, অত্র উপজেলায় পিইডিপি-4 এর আওতায় ১১(দুই) টি বিদ্যালয় এবং NBIDGPS-1 এর আওতায় ১৩টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ/ আনুভূমিক সম্প্রসারণ/ উর্দ্ধমূখি সম্প্রসারণ কাজ চলমান আছে। এছাড়া আমদহ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত এবং আশরাফপুর জামে মসজিদের পুকুর ও আশরাফপুর সলিতলা চালতলা জামে মসজিদের পুকুর ঘাটলা সহ পুনঃখনন কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ১৫। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ১৬। **ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র:**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর এর নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর এসএফএনটিসিএফ কে অনুরোধ করা হয়। |

৫.০১ অন্যান্য বিভাগ সমূহের কার্যাবলী :

| | |
|---|---|
| **০১। আমার বাড়ি আমার খামার প্রকল্প :** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর, সভায় জানান যে, সমিতি গঠনের লক্ষমাত্রা ৮০, ক্রমপুঞ্জিত অর্জন ৮০, সদস্য ভর্তির মাসিক অর্জন ০, ক্রমপুঞ্জিত অর্জন ৪৬০০, সঞ্চয় জমার মাসিক অর্জন ৪.৪১, ক্রমপুঞ্জিত অর্জন ১৯৭.১৪, ক্রমপুঞ্জিত উৎসাহ বোনাস প্রদান ১৭৬.৯৭, ক্রমপুঞ্জিত ঋণ তহবিল প্রদান ১৮৮.৯০, সমিতির মোট তহবিল ৫৬৩.০১, মাসিক ঋণ বিতরণ ১৫১.২৭, ক্রমপুঞ্জিত বিতরণ ১২৮১.৩২ মাসিক ঋণ আদায় ৭২.৭৪ ক্রমপুঞ্জিত আদায় ৬৩০.৫৬ খেলাপীর পরিমাণ ৩০.০০ এবং খেলাপী ঋণের হার ৪.৬০%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| **০২। তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) :** উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |

৬.০০ বিবিধ:

(ক) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা :

মেহেরপুর সদর উপজেলায় ২০১৭-২০২১ খ্রি. পর্যন্ত সর্বপ্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়। আগামী ৩০ জুন ২০২১ খ্রি. তারিখে উক্ত পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ শেখ হবে। ২০৪১ সালের রূপকল্প বাস্তবায়ন, বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে রূপান্তরকরণ ও ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এস.ডি.জি) অর্জনের নিমিত্তে একটি বাস্তবায়নযোগ্য ও ফলপ্রসূ পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুন ২০২১ হতে জুন ২০২৬) প্রণয়ন করা অতিব প্রয়োজন।

সিদ্ধান্ত: উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উক্ত পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে উপজেলা পরিষদের অধীনস্থ সকল দপ্তর প্রধান বরাবর পত্র প্রেরণ এবং অনধিক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরিকল্পনা প্রণয়ন কমিটি গঠন করবেন।

(খ) মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ :

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা- ১ শাখার ০৪ জানুয়ারি ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ নং স্মারকের নির্দেশনা মোতাবেক মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের নিমিত্ত মেহেরপুর সদর উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,৭১,০০০/- (এক লক্ষ একাত্তর হাজার) টাকা ব্যয় সাপেক্ষে ০১ (এক) টি গৃহ নির্মাণ করা যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।

| | |
|---|---|
| ১) উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর | সভাপতি |
| ২) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | সদস্য |
| ৩) উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), মেহেরপুর সদর | সদস |
| ৪) চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর | সদস্য |
| ৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর | সদস্য- সচিব |

সিদ্ধান্ত: গঠিত কমিটি বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন।

(গ) ভ্রমণ বিল সংক্রান্ত :

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের মার্চ- ২০২১ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। উক্ত ভ্রমণ বিল অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ০১/০৩/২০২১ হতে ৩১/০৩/২০২১ পর্যন্ত ব্যয় বিবরণী:

| ক্রম | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ফেব্রুয়ারি- ২০২১ | ৯৯,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের ০১ (এক) জন কর্মচারী তথা মালীর বেতন বাবদ ফেব্রুয়ারি- ২০২১ | ১৪,৮৫০/- |
| ০৩ | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন ব্যয় বাবদ মার্চ- ২০২০ | ৮,০০০/- |
| ০৪ | উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ইলেকট্রিক কাজের বিল | ১৪,৫৫৫/- |
| ০৫ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-মার্চ ২০২১) আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল বাবদ | ৭০,০০০/- |
| ০৬ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইসচেয়ারম্যানদের (জানুয়ারি-ফেব্রুয়ারি- ২০২১) ভ্রমণ বিল | ২২,৯৫০/- |
| ০৭ | চেক বহি উত্তোলন বাবদ | ১০০/- |
| ০৮ | ২৬ মার্চ- ২০২১ যথাযোগ্য মর্যাদায় উৎযাপনের জেলা প্রশাসক, মেহেরপুর মহোদয়কে প্রদান | ৫০,০০০/- |
| | সর্বমোট ব্যয় = | ২,৭৯,৪৫৫/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ ইয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৭৮৭.০০০.০০৬.০১৪.২০১৯-৩৬৯(৩০)

তারিখ : ১৬ বৈশাখ ১৪২৮
২৯ এপ্রিল ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সংসদ সদস্য, ৭৩ মেহেরপুর -১
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বয়রা, খুলনা
০৬। জেলা প্রশাসক, মেহেরপুর

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৭। ..........................................................................
..........................................................................

(মোঃ মাসুদুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর

## পরিশিষ্ট "ক"

| ক্রং নং | সদস্যের নাম/ পদবী | উপস্থিত | অনুপস্থিত | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মাসুদুল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | unomeherpur@ mopa. gov·bd | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ মাহফুজুর রহমান (রিটন)<br>মেয়র, মেহেরপুর পৌরসভা | - | অনুপস্থিত | | - |
| ০৩ | জনাব মোঃ মোমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর। | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ লতিফুন নেছা লতা<br>মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ সহিদুল আলম<br>চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | nahid.news635@gmail.com | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ শাহ্জামান<br>চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | jamanupchairman@gmail.com | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ বোরহান উদ্দীন আহাম্মেদ<br>চেয়ারম্যান, আমঝুপি ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | zestamj@gmail.com | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আনারুল ইসলাম<br>চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ। | উপস্থিত | - | amdahup26@gmail.com | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস<br>চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | alhajtitu@gmail.com | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | meherpursadar@uhfp0.dghs.gov | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | uaosadarmeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর। | উপস্থিত | - | ue.meherpur.s@lged.gov.bd | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | sharifd1s1975@gmail.com | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | ueommeherpursadar@ gmail.com | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | useo.meherpursadar@gmail. com | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | ufpomeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | usso.meherpursadar@dss.gov.bd | স্বাক্ষরিত |
| ১৮ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপর সদর। | উপস্থিত | - | meherpursufo@gmail.com | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | pio.nahida@yahoo.com | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২২ | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |